# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগরভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নংঃ- ৪৬.৪৪.৬৭০০.০০৪.০০৬(২).২১.১৫.১৯২ তারিখঃ ২৯/০৭/২০১৮ খ্রি.

## জনতার মুখোমুখি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

অনুষ্ঠানের তারিখ ঃ ১৮-০৭-২০১৮ খ্রি.।
অনুষ্ঠানের সময় ঃ সকাল ১১.০০ ঘটিকায়।
অনুষ্ঠানের স্থান ঃ এন.সি.সি প্রাঙ্গন।

উপস্থিত ছিলেন ঃ **ডাঃ সেলিনা হায়াৎ আইভী**
মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
এবং
এনসিসি'র কাউন্সিলরবৃন্দ।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে চলমান সিটি গভার্নেন্স প্রকল্প (সিজিপি) এর কার্যক্রম হিসাবে জনগনের অংশগ্রহণ, স্বচ্ছতা ও জবাবদিহিদা নিশ্চিতকরণের লক্ষ্যে "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠান আয়োজন করেন। এ কর্মসূচীতে কয়েক হাজার বিভিন্ন পেশা ও বয়সের সম্মানিত নাগরিক এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত হন। সকাল ১১.০০ ঘটিকায় মাননীয় মেয়র, কাউন্সিলরবৃন্দ ও সম্মানিত নাগরিকগণের আসন গ্রহণের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য প্রদান করেন ডাঃ সেলিনা হায়াৎ আইভী, মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

এ পর্যায়ে জনগনের অংশগ্রহণ, স্বচ্ছতা ও জবাবদিহিদা নিশ্চিতকরণের লক্ষ্যে আয়োজিত "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠানের মূল পর্ব "প্রশ্নোত্তর পর্ব" শুরু হয়। প্রশ্নোত্তর পর্বের সঞ্চালক হিসাবে দায়িত্ব পালন করেন জনাব শ্যামল চন্দ্র পাল, কঞ্জারভেন্সী ইন্সপেক্টর, এন.সি.সি।

**অংশগ্রহণকারী -১ঃ জনাব নিখিল চন্দ্র রায়, শিক্ষক, বার একাডেমী।**

**প্রশ্নঃ- ঝড়ে পড়া শিশুদের জন্য বাজেট বরাদ্দ রাখা হয়েছে, এই সুবিধা সিটি কর্পোরেশনের বাইরে চালু করা যায় কিনা?**

**জবাবঃ-** মাননীয় মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভী বলেন, সিটি গর্ভানেন্স প্রকল্প এর আওতায় ৩০০জন ঝড়ে পড়া শিশুকে শিক্ষার মূল ধারায় যুক্ত করার জন্য ১০টি প্রাক প্রাথমিক শিক্ষালয় চালু করা হয়েছে। প্রয়োজনে সিটি কর্পোরেশন এলাকায় নিজেস্ব অর্থায়নে প্রাক প্রাথমিক শিক্ষালয় ও বয়স্ক শিক্ষালয় চালু করার পরিকল্পনা রয়েছে, এ জন্য বাজেটে বরাদ্দ রাখা হয়েছে। কিন্তু সিটি কর্পোরেশন এলাকার বাইরে এরকম শিক্ষালয় চালু করার কোন বিধান নাই।

অংশগ্রহণকারী -২ঃ জনাব মোঃ আইয়ুব আলী, মুক্তিযোদ্ধা আর্থ-কমান্ডার।

প্রশ্নঃ- ১। মাহমুদ নগর খাল পূনঃখনন করার দাবী জানান?

২। ২১ নং ওয়ার্ডের ১টি সড়ককে মুক্তিযোদ্ধা সড়কে নামকরণ করার দাবী জানান?

জবাবঃ- এ বিষয়ে মেয়র মহোদয় বলেন, মাহমুদ নগর খালসহ কদমরসূল এলাকায় আরও ৪টি খাল পূনঃখননের পরিকল্পনা রয়েছে। এ অর্থ বছরের মাঝামাঝি সময়ে মাহমুদ নগর খাল পূনঃখনন ও সৌন্দর্য্যবর্ধনের কাজ শুরু হবে। যেকোন সড়কের নামকরণের অনুমোদন প্রদান করে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ণ ও সমবায় মন্ত্রণালয়। এ বিষয়ে স্থানীয় নাগরিকগণ প্রয়োজনীয় কাগজপত্রসহ উদ্যোগ গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন।

অংশগ্রহণকারী -৩ঃ জনাব মোজাম্মেল হক, সভাপতি, বন্দর নাগরিক কমিটি।

প্রশ্ন ঃ- বন্দর এলাকায় হার্ট ফাউন্ডেশন হাসপাতাল নির্মাণ করা হবে কিনা?

জবাবঃ- বন্দর এলাকায় হার্ট ফাউন্ডেশন নির্মাণ বিষয়ে মাননীয় মেয়র বলেন, ইতোমধ্যে কদমরসূল এলাকায় নাগরিক স্বাস্থ্য সেবা প্রদানের জন্য ২টি হাসপাতাল নির্মাণ করা হয়েছে। তিনি আরও বলেন যে, হার্ট ফাউন্ডেশন নির্মাণের আপাতত কোন পরিকল্পনা নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নেই। হার্ট ফাউন্ডেশন নাগরিক উদ্যোগে নির্মিত একটি প্রতিষ্ঠান। এ বিষয়ে সম্মানিত নাগরিকবৃন্দ একত্রিত হয়ে উদ্যোগ গ্রহণ করলে প্রয়োজনীয় সহযোগীতার আশ্বাস প্রদান করেন।

অংশগ্রহণকারী -৪ঃ জনাব মিজ নুর রহমান বাচ্চু, সহ-সভাপতি, নারায়ণগঞ্জ জেলা আওয়ামী লীগ।

প্রশ্নঃ- চাষাড়া মোড় হতে বরফকল ঘাট পর্যন্ত সড়ক কেন সংস্কার করা হচ্ছে না?

জবাবঃ- ডা. সেলিনা হায়াৎ আইভী মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন বলেন চাষাড়া মোড় হতে বরফকল ঘাট পর্যন্ত সড়ক প্রতি বছরই সংস্কার করা হচ্ছে। কিন্তু মেট্রো হল মোড় এলাকার আশেপাশে ওয়াসার পাইপের লিকেজ এর জন্য মেরামতের কয়েক দিন পরেই সড়কে আবার গর্তের সৃষ্টি হচ্ছে। শুধু মেট্রো হল মোড় এলাকাই নয় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় কমপক্ষে ৪টি পয়েন্টে বিগত কয়েক বছর যাবৎ এ সমস্যা বিরাজমান রয়েছে। এ বিষয়ে ওয়াসার সদর দপ্তরে পত্র যোগাযোগের মাধ্যমে উদ্যোগ গ্রহণের অনুরোধ জানানো হয়েছে। কিন্তু এ বিষয়ে ওয়াসার কার্যকর কোন প্রদক্ষেপ অদ্যাবধি গ্রহণ করেনি। তবুও এ সড়ক সংস্কারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে, খুব শীঘ্রই সংস্কার কাজ শুরু হবে।

অংশগ্রহণকারী -৫ঃ জনাব শাহজাহান ভূইয়া জুলহাস, কমান্ডার, সদর উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ।

প্রশ্নঃ- ৮নং ওয়ার্ডে ডোবা ভরাট করা হয়েছে, এখানে হাসপাতাল করার কথা ছিল, তার অগ্রগতি কী?

জবাবঃ এ বিষয়ে মাননীয় মেয়র বলেন যে, আরবান প্রাইমারী হেলথকেয়ার সার্ভিসেস ডেলেভারী প্রকল্প এর মাধ্যমে ইতোমধ্যে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে ৩টি নগর স্বাস্থ্য কেন্দ্র ও ১টি নগর

মাতৃসদন হাসপাতাল নির্মাণ করা হয়েছে। এ হাসপাতালগুলোর মাধ্যমে হতদরিদ্রদের বিনামূল্যে এবং অন্যানদের খুবই কম খরচে সেবা প্রদান করা হয়। এ প্রকল্পের মাধ্যমে আরও ৩টি নগর স্বাস্থ্য কেন্দ্র ও ১টি নগর মাতৃসদন হাসপাতাল নির্মানের জন্য ইতোমধ্যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই অর্থবছেরের মধ্যেই ৩টি নগর স্বাস্থ্য কেন্দ্র ও ১টি নগর মাতৃসদন সেবা প্রদান কার্যক্রম শুরু করবে, যার অংশ হিসাবে ৮নং ওয়ার্ডে ১টি হাসপাতাল নির্মাণ করা হবে।

**অংশগ্রহণকারী -৬ঃ জনাব এম. এ খালেক, সাংবাদিক, বাংলাদেশ সংবাদ সংস্থা।**

**প্রশ্নঃ সিটি কর্পোরেশন এলাকায় জলাবদ্ধতার ফলে মশার উৎপাত বাড়ছে, এর ফলে চিকুন গুনিয়া হচ্ছে, এর ব্যবস্থা কি সিটি কর্পোরেশন নিবে।**

**জবাবঃ** এ বিষয়ে মাননীয় মেয়র বলেন যে, চিকুন গুনিয়া ও এডিস মশার বংশ বিস্তার ড্রেন বা নোংরা জল থেকে হয় না। চিকুন গুনিয়া মশার বংশ বিস্তারের জন্য স্বচ্ছ পানির প্রয়োজন হয়। এক্ষেত্রে ছাদে জমা জল, এসি বা ফ্রিজের জল বা ফুলের টব থেকে চিকুন গুনিয়া মশা বংশ বিস্তার করে। ফলে তিনি নাগরিকদের এ সকল বিষয়ে সচেতন হওয়ার অনুরোধ জানান। তিনি উপস্থিত নাগরিকবৃন্দকে আরও জানান যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ফগারের ধোয়ার মাধ্যমে মশা নিয়ন্ত্রনের পরিবর্তে ঔষধ ব্যবহার করে মশার লার্ভা নষ্ট করছে। এ জন্য আমরা ড্রেনের পানি বা ডোবাতে মশা বংশ বিস্তার করতে না পারে, সে জন্য স্প্রে ব্যবহার করছি।

**অংশগ্রহণকারী -৭ঃ জনাব সামসুজ্জামান ভাষানী, খানপুর, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ নাগরিক সমস্যা সমাধানে কোন উদ্যোগ গ্রহণ না করে, হকারের অধিকার আদায়ের দাবীতে যারা সোচ্চার তাদের আমি ঘৃনা করি উল্লেখ্য করে তিনি বলেন যে, মেট্রো হল হতে কালীরবাজার পর্যন্ত সড়কের সংস্কার কাজ কবে শুরু করা হবে?**

**জবাবঃ** এ বিষয়ে মাননীয় মেয়র মহোদয় বলেন যে, ফুটপাত শহরের নাগরিকের চলাচলের জন্য নির্মাণ করা হয়েছে। এই ফুটপাতে হকার বসিয়ে যারা চাঁদাবাজির পাশাপাশি জনদূর্ভোগ সৃষ্টি করেছে তাদের বিরুদ্ধে সকল শ্রেনী পেশার নাগরিককে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান। তিনি আরও বলেন যে, মেট্রো হল হতে কালীরবাজার পর্যন্ত সড়ক সংস্কারের কাজ প্রক্রিয়াধীন রয়েছে, আগামী কিছুদিনের মধ্যেই বাস্তবায়ন করা হবে।

**অংশগ্রহণকারী -৮ঃ জনাব ভবানী শংকর রায়, সাবেক সভাপতি, নারায়ণগঞ্জ সাংস্কৃতিক জোট।**

**প্রশ্নঃ হাজীগঞ্জ কেল্লা সংস্কার করার কোন পরিকল্পনা আছে কিনা?**

**জবাবঃ** হাজীগঞ্জ কেল্লার সংস্কার বিষয়ে মাননীয় মেয়র বলেন যে, এটি প্রত্নতত্ত্ব অধিদপ্তরের বিষয়। এটি সংস্কার ও রক্ষনাবেক্ষনের দায়িত্ব নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনকে প্রদানের জন্য আমরা পত্র যোগাযোগ ও সরাসরি আলোচনা করেছি। এ বিষয়ে প্রত্নতত্ত্ব অধিদপ্তর বা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় দৃশ্যমান কোন প্রদক্ষেপ গ্রহণ করেনি। কিন্তু হাজীগঞ্জ কেল্লার ৪পাশের অবৈধ স্থাপনার কারনে কেল্লাটি

এখন হুমকির মুখে। এ বিষয়ে আমরা আইনগত ব্যবস্থা গ্রহণের পাশাপাশি হাজীগঞ্জ কেল্লা পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণের প্রদক্ষেপ গ্রহণ করেছি।

**অংশগ্রহণকারী -৯ঃ জনাব মোঃ ইসহাক মিয়া, গোদনাইল।**

**প্রশ্নঃ আজিম মার্কেট এলাকার ব্রীজ নির্মাণ কাজ শেষ হতে আর কত দিন সময় লাগবে?**

**জবাবঃ** আজিম মার্কেট এলাকার ব্রীজসহ কদমরসূল এলাকার ৬টি ব্রীজ নির্মাণ কাজের গতি সন্তোষজনক নয় উল্লেখ্য করে মাননীয় মেয়র দুঃখ প্রকাশ করেন। এ বিষয়ে সংশ্লিষ্ট ঠিকাদারকে বার বার পত্র প্রদান করা হয়েছে যাতে দ্রুততম সময়ের মধ্যে ব্রীজ নির্মাণ কাজ শেষ হয়, এজন্য ঠিকাদারের সাথে আলোচনা করবেন মর্মে তিনি জানান।

**সমাপনী বক্তব্যঃ** মেয়র মহোদয় বলেন, শত ব্যস্ততার মধ্যে হাজার হাজার সম্মানিত নাগরিক যোগদান করে অনুষ্ঠানটিকে সাফল্য মন্ডিত করেছেন। তাই আপনাদের প্রতি আমি কৃতজ্ঞ। তিনি আরো বলেন যে, আমি গত ১৩ বছরে ষড়যন্ত্রের কাছে মাথা নত করি নাই এবং আগামীতেও করবো না। আপনাদের সাথে নিয়ে সকল বাধা উপেক্ষা করে জনস্বার্থে উন্নয়ণ কাজ করবো এবং নাগরিক সেবা দিয়ে যাব। তিনি আরো বলেন যে, শুধু এই অনুষ্ঠানের মাধ্যমে নয়, আমরা নগর তথ্যসেবা কেন্দ্র ও বিভিন্ন সভা/সেমিনারের মাধ্যমে স্বচ্ছতার পরীক্ষা দিচ্ছি এবং উত্তীর্ন হয়েছি। তাই আপনার সাথে থাকবেন, সকল বাধা অতিক্রম করবো। আপনারা ভাল থাকবেন, নাগরিক দায়িত্ব পালন করবেন। -- আল্লাহ্ হাফেজ।

(এ,এফ,এম, এহ্‌তেশামূল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোনঃ ৭৬৩৩৪২৩
E-mail:ceo@ncc.gov.bd

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগরভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

**১৮ জুলাই ২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" এর প্রতিবেদন।**

১। জনগণের অংশগ্রহণ, স্বচ্ছতা ও জবাবদিহিদা নিশ্চিতকরণের লক্ষ্যে আয়োজিত "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠানে অত্র সিটি কর্পোরেশনের কয়েক হাজার বিভিন্ন পেশা ও বয়সের সম্মানিত নাগরিক এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত হন। সকাল ১১:০০ ঘটিকায় মাননীয় মেয়র, কাউন্সিলরবৃন্দ ও সম্মানিত নাগরিকগনের আসন গ্রহণের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। এ অনুষ্ঠানে অংশগ্রহণকারী বিভিন্ন বয়স ও পেশার ২৪ জন নাগরিকের স্বাক্ষাতকার গ্রহণ করা হয়। উক্ত অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের জবাবে এ প্রতিবেদন প্রস্তুত করা হয়।

২। জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন অনুষ্ঠানে আলোচ্যসূচী ছিল নিম্নরূপঃ
(ক) সিজিপি (সিটি গভর্নেন্স প্রকল্প) সম্পর্কে আলোচনা।
(খ) ট্যাক্স সম্পর্কিত আলোচনা।
(গ) ই-গভার্নেন্স।
(ঘ) পরিবেশ ও উন্নয়ণ।
(ঙ) নারীর ক্ষমতায়ন।
(চ) নাগরিক সেবা।
(ছ) চলমান উন্নয়ণ প্রকল্প।
(জ) ভবিষ্যৎ উন্নয়ণ প্রকল্প।
(ঝ) দারিদ্র্য হ্রাসকরণ কার্যক্রম।
(ঞ) জন্ম নিবন্ধন।
(ট) লাইসেন্স নবায়ন।
(ঠ) বিবিধ।

৩। জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন অনুষ্ঠান শেষে অতিথি ও স্টেকহোল্ডার সংগঠনের প্রতিনিধিদের কাছ থেকে ইভেন্ট সম্পর্কে মন্তব্য।

| ক্রঃ নং | পদবী ও নাম | মন্তব্য |
|---|---|---|
| ০১ | রাজিয়া সুলতানা<br>শিক্ষিকা | নারায়ণগঞ্জ বাসী হিসাবে তিনি এই বিষয়কে গর্বের সাথে দেখেন। |
| ০২ | আলী আহম্মদ<br>বেকার | জনগন সচেতন হয়। |

| ক্রঃ নং | পদবী ও নাম | মন্তব্য |
|---|---|---|
| ০৩ | মিসেস মুক্তা বেগম (মুক্তিযোদ্ধা)<br>গৃহীনি | এ আলোচনার প্রত্যেকটা প্রশ্ন অনেক ভাল লেগেছে এবং এটা অত্যাবশাকীয় একটা আলোচনা যা প্রতি বছর করা উচিৎ। |
| ০৪ | আফসানা আক্তার<br>সাংবাদিক | আমার মতে জনতার মুখোমুখি এন সি সি একটি ভাল একটি অনুষ্ঠান। |
| ০৫ | সালমা বেগম<br>গৃহীনি | মেয়র মহোদয় কে ধন্যবাদ এমন একটি জনসভা করার জন্য। |
| ০৬ | জোবেদা বেগম<br>গৃহীনি | জনতার মুখোমুখি এন সি সি একটি ভাল অনুষ্ঠান। এই অনুষ্ঠান এ আসতে পেরে খুশি। |
| ০৭ | রেজওয়ানাইক<br>প্রভাষক | জনতার মুখোমুখি অনুষ্ঠানটি নিয়ে আমি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনকে ধন্যবাদ জানাই। |
| ০৮ | মুহাম্মদ হাফিজ উল্লাহ সরকার<br>অবসরপ্রাপ্ত | এন সি সি সুন্দর করে কাজ করে চলেছে উন্নয়নের। আরও উন্নতি করার দরকার নারায়ণগঞ্জ হসপিটাল গুলোর এবং সেবার মান আরো বাড়ানো দরকার। |
| ০৯ | পপি রানী সরকার<br>রাজনীতি বীদ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর উন্নয়ণ আরো কাজকর্ম আগের চাইতে উন্নত করার আহবান। |
| ১০ | ফরিদা লতিফ<br>গৃহিনী | পরিচালনা ব্যবস্থা ভাল। জনগনকে নানা বিষয়ে সজাগ করে। জনগন তাদের মতামত জানিয়ে সন্তুষ্ট হয়। |
| ১১ | এস এম হানিফুল<br>ব্যবসা | জনগনের উপকার হয়। মানুষ সচেতন হয়। যারা ভোটার তারা তাদের অধিকার সম্পর্কে সচেতন হয়। |
| ১২ | মোঃ মোবারক হোসেন খোকন<br>চাকুরী | মেয়র মহোদয় কে ধন্যবাদ জানাই সিটি কর্পোরেশনকে সুন্দর সুচারুরুপে পরিচালনা করার জন্য। |
| ১৩ | ভবানী সংকর রায়<br>গারমেন্টস মালিক | অত্যন্ত সুন্দর ও গনতান্তিক পরিবেশ। |
| ১৪ | নাজমা বেগম<br>গৃহিনী | মেয়র মহোদয়কে ধন্যবাদ। তিনি এমন একটা জনসভা দেওয়ার জন্য। |
| ১৫ | নাছির মাহমুদ<br>ব্যবসা | মেয়র মহোদয়কে ধন্যবাদ জানাই। নারায়াণগঞ্জ সিটি কর্পোরেশনের কাজকর্ম ভাল। আরো ভাল উন্নত করতে হবে। |
| ১৬ | মোছাঃ জরিনা বেগম<br>গৃহিনী | নারায়াণগঞ্জ সিটি কর্পোরেশন অনেক কাজে এগিয়ে আছে, এবং আরো কাজ বাকী আছে। আমি মনে করি, সেলিনা হায়াত আইভি এই কাজ গুলো সম্পুর্ন করবে বলে আমি আশাবাদী। |
| ১৭ | হাজী আবুল কাশেম<br>অবসর | এই সভার মাধ্যমে কোন ওয়ার্ডে কি কাজ হচ্ছে কত টাকার কাজ হচ্ছে তা আমরা সহজেই জানতে পারি। |
| ১৮ | মোঃ সফিকুল ইসলাম লিটন<br>ব্যবসা | এ আলোচনা খুবেই ভাল হয়েছে। আর এই আলোচনায় সাধারন মানুষ জানতে পারে। তাই এ আলোচনা টা প্রতি বছর হলে ভাল হয়। |

| ক্রঃ নং | পদবী ও নাম | মন্তব্য |
|---|---|---|
| ১৯ | ইমরান আহমেদ<br>ব্যবসা | ভাল। |
| ২০ | মাহমুদুল<br>সাংবাদিক | অনেক ভাল ব্যবস্থাপনা। |
| ২১ | মোসাম্মৎ মালা আক্তার<br>গৃহিনী | জনতার মুখোমুখি অনুষ্ঠানটি অনেক ভালো। |
| ২২ | উদয় রহমান<br>চাকুরী | সবকিছু ভাল হয়েছে। |
| ২৩ | মোঃ তোফাজ্জল হোসেন<br>সাংবাদিক | এটা একটা ভাল উদ্যোগ। |
| ২৪ | নাজমুল হোসেন<br>চাকুরী | বর্জ্য ব্যবস্থাপনা ভাল নয়। |

৪। জনগনের প্রতিক্রিয়ার (মতামত,দাবী/অভিযোগ) বর্ণনা।

| ক্রঃ নং | পদবী ও নাম | মন্তব্য |
|---|---|---|
| ০১ | বাজিয়া সুলতানা<br>শিক্ষিকা | সমৃদ্ধ নারায়ণগঞ্জ গড়ার লক্ষে বাস্তবমুখী ব্যবস্থা গ্রহন করা। |
| ০২ | আলী আহম্মদ<br>বেকার | ওয়াসার পানি।<br>খেলার মাঠ। |
| ০৩ | মিসেস মুক্তা বেগম (মুক্তিযোদ্ধা)<br>গৃহীনি | গরীব শিশুদের বই খাতা ফ্রি এবং মানুষের জীবন যাত্রার মান বৃদ্ধির জন্য কি ভাবে কাজ করবে সে বিষয়ে আলোচনা করা। |
| ০৪ | আফসানা আক্তার<br>সাংবাদিক | যানযট নিরসন কর্মীদের সচ্চার নিয়ে আলোচনা করা উচিৎ। |
| ০৫ | সালমা বেগম<br>গৃহীনি | গরিবের জন্য কিছু করা। |
| ০৬ | জোবেদা বেগম<br>গৃহীনি | ১। গরিবের শিক্ষার্থীদের সহায়তা ব্রদ্ধি করা।<br>২। মহিলাদের ব্যবসায় পরিবেশ তৈরী করা। |
| ০৭ | রেজওয়ানাইক<br>প্রভাষক | পরিচ্ছন্ন ও নিরাপত্তা কর্মীরা যেন ঠিকমত তাদের পালনে সচেতন হয় সে বিষয়ে আলোচনা করা উচিৎ। |
| ০৮ | মুহাম্মদ হাফিজ উল্লাহ সরকার<br>অবসরপ্রাপ্ত | শীতলক্ষ্যা ব্রীজ নিয়ে আলোচনা। নগর পরিকল্পনা নিয়ে আলোচনা। |
| ০৯ | পপি রানী সরকার<br>রাজনীতি বীদ | শ্রমিক অঞ্চল হিসাবে নাগরিকের (বিশেষত নারীসহ) নিরাপত্তা এবং নাগরিকের মর্যাদার প্রশ্নে আলোচনা হতে পারে। |

| ক্রঃ নং | পদবী ও নাম | মন্তব্য |
|---|---|---|
| ১০ | ফরিদা লতিফ<br>গৃহিনী | ১। ওয়াসার পানির বিষয়ে।<br>২। যুবসমাজকে মাদকের হাত থেকে রক্ষার বিষয়ে। |
| ১১ | এস এম হানিফুল<br>ব্যবসা | ১। বিভিন্ন ওয়ার্ডে শিক্ষা বিস্তারে স্কুল প্রতিসঠান করা।<br>২। যুব সমাজকে বাচিয়ে রাখার জন্য মাদক দ্রব্য নিয়ন্ত্রন করা।<br>৩। দেশ প্রেম গড়ে তোলার জন্য বিভিন্ন জনসেবার আয়োজন করা। |
| ১২ | মোঃ মোবারক হোসেন খোকন<br>চাকুরী | চলমান কাজগুলো বাস্তবায়ন সময়মত হচ্ছে না। |
| ১৩ | ভবানী সংকর রায়<br>গারমেন্টস মালিক | জনগনের শিক্ষা, চিকিৎসা হওয়া উচিৎ। |
| ১৪ | নাজমা বেগম<br>গৃহিনী | শীতলক্ষ্যা সেতু বাস্তবায়ন। ফুটপাত দখল মুক্ত করা। |
| ১৫ | নাছির মাহমুদ<br>ব্যবসা | ১। চলমান কাজগুলো বাস্তবায়ন সময়মত হচ্ছে না।<br>২। সঠিক সময়ে সঠিক কাজগুলো করতে হবে। |
| ১৬ | মোছাঃ জরিনা বেগম<br>গৃহিনী | নারী ও পুরুষদের ব্যাকার সমস্যা দূর করার জন্য কাজ করতে হবে। |
| ১৭ | হাজী আবুল কাশেম<br>অবসর | ১। বিশুদ্দ পানি ব্যবস্থা।<br>২। বর্জ নিস্কাশন ব্যবস্থ্যা করা।<br>৩। জলাবদ্ধতা দূর করা। |
| ১৮ | মোঃ সফিকুল ইসলাম লিটন<br>ব্যবসা | গরিব ছেলে মেয়েদের ৬ষ্ট থেকে ১০ম শ্রেণী পর্যন্ত স্কুলের বেতন ফ্রি করে পড়ার সুযোগ করে দেওয়া। |
| ১৯ | ইমরান আহমেদ<br>ব্যবসা | ১। সড়কবাতি নির্মাণ সম্পর্কিত ব্যবস্থাপনা।<br>২। নলুয়ারোডের দিকে রাস্তা ঘাট উন্নয়ন।<br>৩। মুসলিম নগর সড়ক উন্নয়ন। |
| ২০ | মাহমুদুল<br>সাংবাদিক | ১। চিকিৎসার ব্যবস্থা করা।<br>২। মাদক ব্যবসা বন্ধ করা। |
| ২১ | মোসাম্মৎ মালা আক্তার<br>গৃহিনী | ১। নগরবাসীর মৌলিক চাহিদা পূরনে করনীয় বিষয়।<br>২। নগর অবকাঠামো আরো গতিশীল করার বিষয়ে। |
| ২২ | উদয় রহমান<br>চাকুরী | সবই ঠিক ঠিক হচ্ছে।<br>উন্নয়ন মুলক কাজ হচ্ছে এবং হবে। |
| ২৩ | মোঃ তোফাজ্জল হোসেন<br>সাংবাদিক | শিক্ষা বিষয়ে,গাছ লাগানো বিষয়ে, স্বাস্থ্য বিষয়ে আলোচনা। |
| ২৪ | নাজমুল হোসেন<br>চাকুরী | সমস্যা গুলোর সমাধান নিয়ে আলোচনা। |

৫। "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠানের প্রস্তাবিত বাজেট ও প্রকৃত ব্যয় ঃ

| ক্রঃ নং | আইটেম | প্রস্তাবিত বাজেট | প্রকৃত ব্যয় |
|---|---|---|---|
| ০১ | সাজসজ্জা | ৩,৩০,০০০/- | ৩,২০,০০০/- |
| ০২ | (এলইডি স্ক্রিন, জেনারেটর) | ১,০০০০০/- | ৮০,০০০/- |
| ০৩ | মুদ্রণ | ৫৫,০০০/- | ৫০,০০০/- |
| ০৪ | সাউন্ড সিস্টেম | ৫০,০০০/- | ৪৫,০০০/- |
| ০৫ | শিল্পীবৃন্দ | ৪০,০০০/- | ৩৮,০০০/- |
| ০৬ | স্পিকার | ৩৫,০০০/- | ২৭,০০০/- |
| ০৭ | ফুল/ ব্যানার | ৩৬,০০০/- | ৩০,০০০/- |
| ০৮ | অন্যান্য | ৩০,০০০/- | ২০,০০০/- |
| | মোট= | ৬,৭৬,০০০/- | ৬,১০,০০০/- |

৬। প্রশ্নাবলী সংক্রান্ত সংক্ষিপ্ত ফলাফলঃ- সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ ও কার্যক্রম সম্পর্কে সঠিক ধারনা ও দাবীসমূহ বাস্তবায়নের সম্ভাব্য সময় সম্পর্কে জনগন অবগত হলেন।

৭। অংশগ্রহণকারী ঃ-

| ক্রঃ নং | অংশগ্রহণকারীর ধরন | সংস্থা (সংখ্যায়) | প্রধান প্রধান নাম |
|---|---|---|---|
| ০১ | আমন্ত্রিত অতিথি | ২,০০০ | সিএসসিসি, সিডিসিসি, ডব্লিউএলসিসি, পঞ্চায়েত কমিটি, ও নাগরিক বৃন্দ। |
| ০২ | জাতীয় সংস্থা | ৫৫ | জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, এলজিইডি, মহিলা পরিষদ, রাজনৈতিক দল ও অন্যান্য। |
| ০৩ | প্রাইভেট সেক্টর | ২৭০ | চেম্বর অফ কমার্স, বি.কে.এম.ই.এ, হোসিয়ারী মালিক সমিতি, ইয়াং মার্চেন্ট এসোসিয়েশন, বাস মালিক সমিতি, রেস্তোরা মালিক সমিতি, লবন মালিক সমিতি ও অন্যান্য। |
| ০৪ | বেসরকারী সংস্থা | ২৪০ | আশা, ব্রাক, এইড বাংলাদেশ, গ্রামীন ব্যাংক, সাজেদা ফাউন্ডেশন, বি.এম.এ, ফুটবল এসোসিয়েশন, বঙ্গবীর সংসদ, নারায়ণগঞ্জ হার্ড ফাউন্ডেশন, উত্তরণ সংসদ ও অন্যান্য। |

| ক্রঃ নং | অংশগ্রহণকারীর ধরন | সংস্থা (সংখ্যায়) | প্রধান প্রধান নাম |
|---|---|---|---|
| ০৫ | অন্যান্য সংস্থা | ২০০ | নাগরিক কমিটি, প্রেসক্লাব, আমরা নারায়ণগঞ্জবাসী, সিডিসি, বস্তি উন্নয়ন ফেডারেশন, সিডিসি, খেলাঘর, সম্মিলিত সাংস্কৃতিক জোট, বার এসোসিয়েশন, শিক্ষক সমিতি ও অন্যান্য। |

"জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠান শেষে বিভিন্ন পেশা ও বয়সের ২৪ জন অংশগ্রহণকারীর সাক্ষাতকার গ্রহণ করা হয়, যার ভিত্তিতে এ প্রতিবেদন প্রস্তুত করা হলো।

(এ,এফ,এম, এহতেশামূল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোনঃ ৭৬৩৩৪২৩
E-mail: ceo@ncc.gov.bd